পীরগঞ্জে মুক্তিযোদ্ধাদের মাঝে চেক বিতরণ

পীরগঞ্জ, রংপুর :: রংপুরের পীরগঞ্জে বীর মুক্তিযোদ্ধাদের মাঝে চেক বিতরণ করা হয়েছে । গতকাল মঙ্গলবার দুপুরে উপজেলার মুক্তিযোদ্ধা কমপ্লেক্র ভবনের তৃতীয় তলায় চেক প্রদান করে রংপুর মুক্তিযোদ্ধা সংসদ।
উপজেলা জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের সভাপতি মুক্তিযোদ্ধা ফজলার রহমানের সভাপত্বিতে প্রধান অতিথি ছিলেন রংপুর জেলা জাতীয়তাবাদি মুক্তিযোদ্ধা দলের সভাপতি আনছার আলী ।
প্রধান অতিথি মুক্তিযোদ্ধা আনছার আরী তার বক্তব্য বলেন, আমরা রংপুর মুক্তিযোদ্ধা সংসদ জেলা মানচিত্র মার্কেট ভাড়া বাবদ ৫হাজার টাকার চেক উপজেলার ৩৯ টি মুক্তিযোদ্ধার মাঝে বিতরণ করছি । সেই সাথে জেলার প্রত্যেকটি উপজেলার মুক্তিযোদ্ধাদের মাঝে চেক বিতরণ অব্যাহত থাকবে।
এসম উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র সভাপতি মাহামুদুন নবী চৌধুরী পলাশ,সাধারণ সম্পাদক সহকারী অধ্যাপক জাকির হোসেন,এনসিপির’র মূখ্য সংগঠক ইমরুল কায়েস,শাহাজাহান প্রমানিক,আতিয়া রহমানসহ আরো অনেকে।